গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৬-৯২ তারিখঃ ২৯/০৮/২০১৬ খ্রিঃ।
**সময় : ০৪:৩০ টা**

**বিষয়ঃ প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৯ আগস্ট ২০১৬ খ্রি: তারিখে প্রাপ্ত তথ্যে বিভিন্ন জেলায় ঘূর্ণিঝড়/ টর্ণেডো, অতি বৃষ্টিপাতে দেশের বিভিন্ন জেলায় ক্ষয়ক্ষতি হয়। উক্ত জেলাসমূহ হতে সংগৃহীত জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পত্র-পত্রিকা ও রেডিও-টেলিভিশন, এনডিআরসিসি এবং জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন নিম্নরূপ:

০১। ঢাকা : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, ঢাকা জেলায় পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ঢাকা জেলার দোহার উপজেলায় পদ্মা নদীর ভাংগনে ৮৫৬ টি পরিবারের ঘর-বাড়ী নদীগর্ভে বিলীন হয়ে যায়। পদ্মা নদীর পানি বৃদ্ধি পাওয়ায় দোহার ও নবাবগঞ্জ উপজেলা ২টির ৫,২২৩ টি পরিবার পানি বন্দি অবস্থায় রয়েছে। সাভারে ০২ (দুই) জন নিহত হয়েছে। ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৭০.০০০ মে: টন জিআর চাল, ৩,৫০,০০০/- টাকা জিআর ক্যাশ ও ৭১২ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে = (এ পর্যন্ত ০২ জন নিহত হয়েছে)।

এ ছাড়া গতকাল ২১/০৮/২০১৬ খ্রি: তারিখ ঢাকাস্থ বসুন্ধরা সিটি মার্কেটের ৬ষ্ঠ তলায় আগুন লাগে। উক্ত তলার সি ব্লকের জুতার দোকান হতে আগুনের সূত্রপাত। আগুনে দোকানটি পুড়ে যায়। ৬ষ্ঠ ও ৭ম তলা আগুনে ক্ষতিগ্রস্থ হয়। এতে ৬ষ্ঠ তলার একটি ব্লক পুড়ে যায়। ২/৩ জন আহত হয়েছে। ৫ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ক্ষয়ক্ষতির বিবরণ পাওয়া যায়নি।

২১/০৮/২০১৬ খ্রি: তারিখে মধুরচর, কেরানীগঞ্জ শমন্ত বানু (৪৮) নামের একজন বজ্রপাতে এবং ২২/০৮/২০১৬ খ্রি: তারিখে ১২৮২, পূর্ব মনিপুর ভনের নিচতলার পদ্মা বিলাস দোকানে অগ্নিকান্ডে জনাব মো: আব্দুল মান্নান নামের এক ব্যক্তি নিহত হন। নিহতদের পরিবারকে ২০,০০০/- টাকা অনুদান দেয়া হয়েছে।

০২। মুন্সীগঞ্জ : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, মুন্সীগঞ্জ জেলায় মেঘনা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। মুন্সীগঞ্জ জেলার ৩ টি উপজেলার ১২ টি ইউনিয়নের ৫,৭৫৫ টি পরিবারের ৯,৫৬৫ টি ঘর-বাড়ি ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে ১৫০.০০০ মে: টন জিআর চাল ও ৩,০০,০০০/- টাকা জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে।

২১/০৮/২০১৬ খ্রি: তারিখ মুন্সিগঞ্জের লৌহজং উপজেলার উপর দিয়ে ঝড় বয়ে যায়। উক্ত ঝড়ে লৌহজং উপজেলার ৪৭টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়। এতে ৩৬ টি দোকান ক্ষতিগ্রস্ত এবং ৩৫ জন আহত হয়। ক্ষতিগ্রস্তদের মাঝে শুকনা খাবার ও নগদ টাকা বিতরণ করা হচ্ছে।

০৩। মানিকগঞ্জ : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, মানিকগঞ্জ জেলায় পদ্মা নদীর পানি আরিচা পয়েন্টে বিপদ সীমার নীচ দিয়ে এবং কালিগংগা নদীর পানি ০.১২ মিটার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যার পানিতে মানিকগঞ্জ জেলার ৬ টি উপজেলার ৪৩ টি ইউনিয়নের ৪৮,৭০৬ টি পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ৩৭৬ টি ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে নদী ভাংগনে ৯৪৮ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৩৭৫.০০০ মে: টন জিআর চাল ও ৩২,০০,০০০/- টাকার শুকনা খাবার বিতরণ করা হয়েছে। বন্যার পানি বৃদ্ধির সাথে সাথে ক্ষতিগ্রস্থ পরিবারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত ৯৪৮ টি পরিবার নদী ভাংগনে ক্ষতিগ্রস্থ হয়। জেলায় ১৪ টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। উক্ত আশ্রয়কেন্দ্রে ৪৬৩ জন আশ্রয় গ্রহণ করেছেন। শিক্ষা প্রতিষ্ঠান ২৯৩ টি ক্ষতিগ্রস্থ হয়েছে। ৪৮,৭০৪ টি ক্ষতিগ্রস্ত পরিবারকে ভিজিএফ কর্মসূচির আওতায় আগামী ০৬ মাস খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় পরিমাণ চাল বরাদ্দের অনুরোধ করা হয়েছে।

০৪। রাজবাড়ী : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, রাজবাড়ী জেলায় পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। রাজবাড়ী জেলার ৪ টি উপজেলার ১৬ টি ইউনিয়নের ২৪,৪৫৬ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। দৌলতদিয়া

চলমান পাতা- ২

ইউনিয়নের ৪০০ টি পরিবার নদী গর্ভে বিলীন হয়ে যায়। এ ছাড়া ১৬,৮৫৪ টি পরিবার পানি বন্দি অবস্থায় রয়েছে। ট্রলার ডুবে এ জেলায় ০৬ জন নিহত হয়েছে। নিহত ৬ জনের পরিবার প্রতি ২০,০০০/- টাকা করে মোট ১,২০,০০০/- টাকা সহায়তা প্রদান করা হয়েছে। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে এ পর্যন্ত ৩১৮.০০০ মে: টন জিআর চাল ১৯,০০,০০০/- টাকা জিআর ক্যাশ, ৫,০০,০০০/- টাকার শুকনা ৩৫৬ টি শুকনা খাবার প্যাকেট বিতরণ করা হয়েছে। দূর্গতদের মাঝে বিতরণের জন্য ১০০.০০০ মে: টন জিআর চাল, ৫,০০,০০০/- জিআর ক্যাশ, ৫০,০০০/- টাকার শুকনা খাবার ক্রয়ের জন্য বরাদ্দ প্রদানের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে = (এ পর্যন্ত ৬ জন নিহত হয়েছে)।

০৫। টাংগাইল : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, টাংগাইল জেলায় যমুনা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যার পানিতে টাংগাইল জেলার ১০ টি উপজেলারর ৬টি পৌরসভার ৮৪টি ইউনিয়নের ১,৩৭,৫৪৯ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। ১৬,৫৩০ হেক্টর জমির ফসল পানি নীচে নিমজ্জিত রয়েছে। ৫০,০০০ হাজার গবাদী পশু, ১০,০০,০০০ টি হাঁস-মুরগী ক্ষতিগ্রস্থ হয়েছে। এ পর্যন্ত বন্যায় ০১ জন শিশুসহ ০৩জন পানিতে ডুবে মারা যায়। উপজেলার ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণের কার্যক্রম চলছে। এ পর্যন্ত ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৩৯৫.০০০ মে: টন জিআর চাল ও ৩১,০০,০০০/- টাকার জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে = (এ পর্যন্ত জেলায় বন্যার পানিতে ডুবে ০১ জন শিশুসহ ০৩জন নিহত হয়েছে)।

০৬। ফরিদপুর : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, ফরিদপুর জেলায় পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ফরিদপুর জেলার ৯টি উপজেলার মধ্যে ৬টি উপজেলার ১৯ টি ইউনিয়নের নিম্নাঞ্চল প্লাবিত হয়ে ১৭,৯৫৬ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে ১৫৮টি পরিবার নদী গর্ভে বিলীন হয়ে অন্যত্র চলে যায়। এ পর্যন্ত জেলায় বন্যার পানিতে ডুবে ০২ (দুই) জন নিহত হয়। বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৩৬০.০০০ মে: টন জিআর চাল ও ১০,১০,০০০/- টাকা জিআর ক্যাশ ও ১,৩৩৬ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে = (এ পর্যন্ত জেলায় বন্যার পানিতে ডুবে ০২ (দুই) জন নিহত হয়েছে)।

এ ছাড়া গতকাল ২১/০৮/২০১৬ খ্রি: তারিখে ঘূর্ণিঝড়/টর্ণেডোতে জুট মিলের ছাদ ধসে ০৬ জন নিহত এবং ৪০ জন আহত হয়। নিহতদের নাম ঠিকানা সংগ্রহের কাজ চলছে।

০৭। শরিয়তপুর : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, শরিয়তপুর জেলায় পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। শরিয়তপুর জেলার ৩টি উপজেলার ১২টি ইউনিয়নের ৯,০৯৫ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে ১,৬৫৬ টি পরিবার এবং ২ টি মসজিদ নদী গর্ভে বিলীন হয়। ২০৫.৬৯০ মে: টন জিআর চাল, ৪,৪৫,০০০/- জিআর ক্যাশ এবং ৭১৬ টি প্যাকেট শুকনা খাবার নদী ভাংগন পরিবারের মাঝে বিতরণ করা হয়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে বিতরণের জন্য ১০০ বান্ডিল ঢেউটিন এবং ১০০.০০০ মে: টন জিআর চাল সরবরাহের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে।

এ ছাড়া শরিয়তপুরের জাজিরায় ব্যাপক ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়, ক্ষয়ক্ষতির পরিমাণ সংগ্রহের কাজ চলছে।

০৮। মাদারীপুর : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, মাদারীপুর জেলায় পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। যার ফলে ০৪টি উপজেলার ২১ টি ইউনিয়নের ৯৭ টি গ্রামের ৭,২৪২ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে নদী ভাংগন কবলিত গ্রাম রয়েছে ৪৪ টি। ১,৮১০ একর ফসলী জমির ফসল নদী ভাংগনে ক্ষতিগ্রস্থ হলে ১,৮১৭ টি পরিবার এবং বন্যা কবলিত ৯,৩৬৩ একর জমি ক্ষতিগ্রস্থ হলে ৭,২৪২টি পরিবার ক্ষতির মুখে পরেছে। মাদারীপুর জেলার বন্যা ও নদী ভাংগন কবলিত পরিবারের মাঝে ৬০.০০০ মে: টন জিআর চাল ও ২৪,৩৫,০০০/- টাকার জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে। ক্ষতিগ্রস্থ পরিবারকে পার্শ্ববর্তী উঁচু স্থানে স্থানান্তর করা হয়েছে।

০৯। গোপালগঞ্জ : গোপালগঞ্জ জেলার কোটালী পাড়া ও কাশিয়ানী উপাজেলায় গতকাল ২২/০৮/২০১৬ তারিখ সকাল ৮.০০ ঘটিকার সময় ঝড়ে বজ্রপাতে ০২ (দুই) জন নিহত হয়। নিহত ২ জনের নাম ও ঠিকানা সংগ্রহ করা হচ্ছে।

১০। জামালপুর : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, জামালপুর জেলায় যমুনা ও ব্রহ্মপুত্র নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। জামালপুর জেলার ৭টি উপজেলার ৬২ টি ইউনিয়নের ১,৭৮,৩৯৩ টি পরিবারের ৩০৪ টি ঘর-বাড়ি সম্পূর্ণ নদী গর্ভে বিলীন এবং ৪,৩২৭ টি ঘর-বাড়ি আংশিক ক্ষতিগ্রস্থ হয়। এছাড়া ফসল ৭,১৭৫ হেক্টর সম্পূর্ণ ও ৩,২১২ হেক্টর আংশিক, কাঁচা রাস্তা সম্পূর্ণ ৩১৭ কি: মি:, আংশিক ১,৫২২ কি: মি:, পাকা রাস্তা

চলমান পাতা- ৩

১৭ কি: মি: সম্পূর্ণ, আংশিক ১০০.৬০ কি: মি:, বাঁধ সম্পূর্ণ ৬.০০ কি: মি: ও আংশিক ৫৮.৯০ কি: মি:, শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ ০১ টি ও আংশিক ৯১২ টি এবং ধর্মীয় প্রতিষ্ঠান আংশিক ২৪৮ টি ক্ষতিগ্রস্থ হয়। এ পর্যন্ত বন্যার পানিতে ডুবে, বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ও সাপের কামড়ে ৩০ (ত্রিশ) জন নিহত হয়। ২০ টি আশ্রয় কেন্দ্রে ২,০৮২টি পরিবারের ৯,৮১৪ জন আশ্রয় গ্রহণ করার পর নিজ বাড়িতে ফেরত যেতে সক্ষম হয়েছে। ৮১টি মেডিক্যাল টিম কাজ করছে। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ১,২৪৮.০০০ মে: টন জিআর চাল, ৫২,৯৫,০০০/- টাকা জিআর ক্যাশ, ১১,৬৬৭ টি প্যাকেট শুকনা এবং গুড়সহ আটার রুটি ক্রয় ৩,৭২,০০০/- টাকার খাবার বিতরণ করা হয়েছে। এ ছাড়া শিশু খাদ্য ২,০০০ টি প্যাকেট, দানাদার পশু খাদ্য ৬.০০০ মে: টন, পশু খাদ্য (খড়), ৭ ট্রাক, লাকড়ী ২ ট্রাক, বোতল জাত পানি ৫,০০০ টি এবং ব্লিচিং পাউডার ১০.০০০ মে: টন বিতরণ করা হয়েছে। ৩০০.০০০ মে: টন জিআর চাল, ১০,০০,০০০/- টাকা জিআর ক্যাশ, ত্রাণ সামগ্রী পরিবহন ও হ্যান্ডলিং বাবদ ১০,০০,০০০/- টাকার চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে = (এ পর্যন্ত বন্যার পানিতে মোট ৩০ (ত্রিশ) জন নিহত হয়েছে)।

১১। কুড়িগ্রাম : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, কুড়িগ্রাম জেলায় তিস্তা, ধরলা, ব্রহ্মপুত্র এবং দুধকুমার নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যার পানিতে এ জেলার ৯টি উপজেলার ৫৭টি ইউনিয়নের ৭২৮টি গ্রামের ১,৭৬,৫২১ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। নদী ভাংগনে ৭,০০০ টি ঘর-বাড়ী সম্পূর্ণ নদী গর্ভে বিলীন হয়ে যায়। ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ ২০ টি, আংশিক ২৩১টি, বাধ ৫৩.৩০ কি: মি:, ব্রীজ/কালর্ভাট ৩৯ টি, ফসলি জমি ৭,১২৩ হেক্টর, পাকা রাস্তা ৬০.৮০ বর্গ কি:, কাঁচা ৫৫৭ বর্গ কি: ক্ষতিগ্রস্থ হয়। বন্যার পানিতে এ পর্যন্ত ০৭ জন শিশুসহ ১০ জন ও ৭৭ টি গবাদি পশু মারা যায়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে জিআর চাল ১,৩১৮.৮৮০ মে: টন জিআর ক্যাশ, ৩৮,৮৫,০০০/- টাকা ও ৯৮২ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। এ ছাড়া নিহতদের প্রতি পরিবারকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে মোট ৮০,০০০/- টাকার সহায়তা প্রদান করা হয়েছে। ৫০০.০০০ মে: টন জিআর চাল, ১০,০০,০০০/- টাকা জিআর ক্যাশ, উদ্ধার ও পরিবহন ব্যয় ৮,০০,০০০/- টাকা ও ৫,০০০ টি শুকনা খাবার প্যাকেট বরাদ্দ প্রদানের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে = (এ পর্যন্ত ০৬ জন শিশুসহ মোট ০৯ জন ও গবাদি পশু ৭৭ টি নিহত হয়েছে)।

১২। নীলফামারী : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, নীলফামারী জেলায় তিস্তা বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। নীলফামারী জেলার ২টি উপজেলার ৮ টি ইউনিয়নের ১৬টি গ্রামের ১৯,২০০ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে ঘর-বাড়ী ১,৮৬৩ টি সম্পূর্ণ ও ৭ কি: মি: রাস্তা ক্ষতিগ্রস্থ হয়। বন্যায় ক্ষতিগ্রস্থ দুটি উপজেলার পরিবারের মধ্যে এ পর্যন্ত ২,৫০০ টি শুকনা খাবারের প্যাকেট, ৪০৯.০০০ মে: টন জিআর চাল ও ১২,৩০,০০০/- টাকা জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে। জনস্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ৪২টি নলকূপ, ১০৩ টি অস্থায়ী ল্যাট্রিন, ১১,৭৫০ টি পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, ৩০ কেজি ব্লিচিং পাউডার ও ৩৫০ টি জেরিকেন ক্ষতিগ্রস্থদের মাঝে বিতরণ করা হয়েছে। ক্ষতিগ্রস্থদের মাঝে বিতরণের জন্য ৩,০০০ বান্ডিল ঢেউটিন, গৃহ নির্মাণ বাবদ ৯০,০০,০০০/- টাকা, ইঞ্জিন চালিত নৌকা ক্রয় বাবদ ৪,০০,০০০/- টাকা অথবা পরিবহন ও উদ্ধারের জন্য ১,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে।

১৩। লালমনিরহাট : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, লালমনিরহাট জেলার তিস্তা নদীর ডালিয়া পয়েন্টে এবং ধরলা নদীর পানি কুড়িগ্রাম পয়েন্টে বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। অত্র জেলায় ৫টি উপজেলার ২৬ টি ইউনিয়নের ৪৯,৮৬০টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে। এ ছাড়া মোট ১,২০১ টি পরিবার নদী গর্ভে বিলীন হয়ে যায়। বন্যার পানিতে পুকুরে ডুবে ভাই-বোন ০৯/০৮/২০১৬ খ্রি: তারিখে ০২ জন শিশু নিহত হয়েছে। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৬৯৬.০০০ মে: টন জিআর চাল ও ২৯,০০,০০০/- টাকা জিআর ক্যাশ এবং ২,৭৫০ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে বিতরণের জন্য আরো ১০০.০০০ মে: টন জিআর চাল, ৫,০০,০০০/- টাকার জিআর ক্যাশ, ২,৫০,০০০/- টাকা পরিবহন ব্যয় এবং ২৫০ বান্ডিল ঢেউটিন বরাদ্দ প্রদানের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে (এ পর্যন্ত ০২ জন শিশু নিহত হয়েছে)।

১৪। গাইবান্ধা : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, গাইবান্ধা জেলার ব্রহ্মপুত্র, ঘাঘট, করতোয়া এবং তিস্তা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ, সদর, সাঘাটা ও ফুলছড়ি ০৪ টি উপজেলার ৩৩টি ইউনিয়নের ২৩৪টি গ্রামের ৫৩,৫২০ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। বেলি ব্রীজ ১টি, কাঁচা রাস্তা ১৮৯ কি: মি: আংশিক, পাকা রাস্তা ১৯ কি: মি: আংশিক, ফসল নিমজ্জিত ৩,৪৪৯ হেক্টর ক্ষতিগ্রস্থ হয় এবং ৩০০ মিটার বাঁধ সম্পূর্ণ ভেংগে নতুন নতুন এলাকা বন্যার সৃষ্টি হয়। এ পর্যন্ত বন্যার পানিতে ডুবে ০৯ জন, ১২ টি ছাগল, ৫টি গরু মারা যায় এবং ৬০৫ টি পুকুরের মাছ ভেসে যায়। পানি বন্দি পরিবারের মধ্যে ১,০৯০.৩০০ মে: টন জিআর চাল ও ৫০,০০,০০০/- টাকা জিআর ক্যাশ ও ২,০০০ টি শুকনা খাবারের প্যাকেট এবং ১৯,২০০ টি পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ৩১৪ টি জ্যারিকেন এবং ৬০ টি হাইজন কিট বিতরণ করা হয়েছে। এ

চলমান পাতা- ৪

ছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত ৪৯ টি টিউবওয়েল উঁচুকরণ, ৯৯ টি মেরামত ও ৫৯ টি ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে বিতরণের জন্য জিআর চাল ২০০.০০০ মে: টন, জিআর ক্যাশ ১০,০০,০০০/- টাকা, ৫,০০০ বান্ডিল ঢেউটিন এবং ৫,০০০ পিচ তাঁবু সরবরাহের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে = (এ পর্যন্ত মোট ০৯ জন, ১২ টি ছাগল ও ৫টি গরু মারা যায় নিহত হয়েছে)।

১৫। রংপুর : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, রংপুর জেলার তিস্তা নদীর পানি ডালিয়া পয়েন্টে এবং কাউনিয়া পয়েন্টে বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। রংপুর জেলার ৮টি উপজেলার মধ্যে ৩টি উপজেলার ১১ টি ইউনিয়নের ৫৩ টি গ্রামের ৬,৮৫৯ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে। এ পর্যন্ত বন্যার পানিতে ডুবে ০১ (এক) জন, বজ্রপাতে ০৬ জন এবং সড়ক দুর্ঘটনায় ০১ জনসহ মোট ০৮ জন নিহত হয়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৭৬.০০০ মে: টন জিআর চাল, ৩,৫৭,০০০/- টাকা জিআর ক্যাশ ও ৪৫০ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। ক্ষতিগ্রস্থদের মাঝে বিতরণের জন্য আরো ২০০.০০০ মে: টন জিআর চাল ও ৫,০০,০০০/- টাকার জিআর ক্যাশ বরাদ্দ প্রদানের চহিদা পত্র প্রেরণ করা হয়েছে = (এ পর্যন্ত রংপুর জেলায় মোট ০৮ জন নিহত হয়েছে)।

১৬। নওগাঁ : নওগাঁ জেলার আত্রাই, বদলগাছী ও মহাদেবপুর উপজেলায় গতকাল ২২/০৮/২০১৬ খ্রি: তারিখ আকস্মিক ঘূর্ণিঝড়ে গাছ চাপা পড়ে দুই ব্যক্তি নিহত হয়। নিহতদের পরিবারদের ২৫,০০০/- টাকা করে মোট ৫০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

১৭। রাজশাহী : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, রাজশাহী জেলায় পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হয়। রাজশাহী জেলার ৩ টি উপজেলার ৫ টি ইউনিয়নের ৩৫ টি গ্রামের ৫,০৬৪ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে ৭৫টি পরিবার নদী গর্ভে বিলীন হয়। ৮২.৭১০ মে: টন জিআর চাল, ১১,৪১,০০০/- জিআর ক্যাশ এবং ৪৮৬ টি প্যাকেট শুকনা খাবার নদী ভাংগন পরিবারের মাঝে বিতরণ করা হয়। ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য ১০০.০০০ মে: টন জিআর চাল এবং ১০,০০,০০০/- টাকা জিআর ক্যাশ বরাদ্দ প্রদানের জন্য চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে।

১৮। পাবনা : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, পাবনা জেলায় যমুনা ও পদ্মা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হয়। পাবনা জেলার ৭ টি উপজেলার ২৮ টি ইউনিয়নের ৩,৭৩১ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে ৮ টি পরিবার ঘর-বাড়ি নদী গর্ভে বিলীন হয়ে ৪,০০,০০০/- টাকার ক্ষতি হয়। বন্যা দুর্গত মানুষের মধ্যে ১১.৪৪০ মে: টন জিআর চাল, জিআর ক্যাশ ৭৫,০০০/- টাকা এবং শুকনা খাবার ৭২ প্যাকেট বিতরণ করা হয়েছে।

১৯। সিরাজগঞ্জ : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সিরাজগঞ্জ জেলায় যমুনা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। যমুনা নদীর তীরের ৫টি উপজেলার ৪০ ইউনিয়নের ৪৫৪ টি গ্রামের ১,২৭,৫৭৭ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। ঘরবাড়ী সম্পূর্ণ ৫,৩৩০ টি আংশিক ৬০,৮২৯ টি, শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ ৬৯ টি, আংশিক ৪১৩ টি, কাঁচা রাস্তা সম্পূর্ণ ১১২ কি: মি:, আংশিক ২১৫ কি: মি: ক্ষতিগ্রস্থ হয়। বন্যায় ক্ষতিগ্রস্থ অসহায় পরিবারের মধ্যে জনস্বাস্থ্য বিভাগ হতে ১২টি নলকূপ, ২৪ টি ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ১৪,৭৫০ টি, জেরিকেন ৩০০টি বিতরণ করা হয়েছে। বন্যায় অবনতির কারণে ৬৮ টি আশ্রয়কেন্দ্রে ১১,৮৮১ জন আশ্রয় গ্রহণ করেছিল। বর্তমানে ৫০% জন লোক নিজ বাড়ি-ঘরে ফেরত যেতে সক্ষম হয়েছে। এ পর্যন্ত বন্যার পানিতে ০৩ (তিন) জন নিহত হয়েছে। ক্ষতিগ্রস্থদের মাঝে খাদ্যশস্য হিসেবে ৭৯০.৫০০ মে: টন জিআর চাল ও ৩৬,৭১,০০০/- টাকা জি আর ক্যাশ ও ২,২৪৯ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে = (বন্যায় এ পর্যন্ত ০৩ [তিন] জন নিহত হয়েছে)।

২০। বগুড়া : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, বগুড়া জেলায় যমুনা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। বগুড়া জেলার ১২ টি উপজেলার মধ্যে ৩টি উপজেলার ১৮ টি ইউনিয়নের ১৩২ টি গ্রামের নিম্নাঞ্চল বন্যার পানিতে প্লাবিত হয়ে ২৪,২০০ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে। এ ছাড়া প্রাথমিক বিদ্যালয় ৮৫ টি, মাধ্যমিক বিদ্যালয় ৮ টি ও মাদ্রাসা ২টি বন্যায় ক্ষতিগ্রস্থ হয়। ৫,৯৮০ হেক্টর ফসলি জমি বন্যায় ক্ষতিগ্রস্থ হয়। বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ৩৪৫.০০০ মে: টন জিআর চাল ও ৬,৬৫,০০০/- টাকা জিআর ক্যাশ ও ১,৯০০ টি শুকনা খাবারের প্যাকেট বিতরণ করা হয়েছে।

২১। নাটোর : নাটোর জেলার বড়াইগ্রাম, গুরুদাসপুর ও সিংড়া উপজেলার উপর দিয়ে টর্ণেডো বয়ে যায়। টর্ণেডোর সময় বড়াইগ্রাম ১৪টি, গুরুদাসপুর ১০ টি এবং সিংড়া ১০টি মোট ৩৪টি ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত হয়।

চলমান পাতা- ৫

২২। চাঁদপুর : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, চাঁদপুর মেঘনা নদী ভাংগনে জেলার সদর উপজেলার রাজ-রাজস্ব ও হামারচর ইউনিয়ন এবং হাইমচর সদর উপজেলার ১নং গাজীপুর ইউনিয়ন ও নিলকমল ইউনিয়নসহ মোট ৪টি ইউনিয়নের ১,৭০২ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে সদর ও হাইমচর উপজেলার ২১৪ টি পরিবারের ঘর-বাড়ী সম্পূর্ণ নদী গর্ভে বিলীন বিলীন হয়ে যায়। ক্ষতিগ্রস্থ পরিবারের লোকজন অন্যত্র আশ্রয় গ্রহণ করেছে। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ২২.৩৮০ মে: টন জিআর চাল এবং ৪৫,০০০/- টাকা জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে। হামচর উপজেলার নীলকমল ইউনিয়নের ইছানবালা গ্রামের ৩০ টি দোকান-পাট নদী গর্ভে বিলীন হয়ে যায়। সদর উপজেলার রাজ-রাজস্ব উপজেলার গোবিন্দিয়া গ্রামের ২৫টি পরিবারের মধ্যে ৫২ টি প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে।

২৩। সুনামগঞ্জ : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সুনামগঞ্জ জেলার সুরমা নদীর পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। সুনামগঞ্জ জেলার ১১টি উপজেলার মধ্যে ৩টি উপজেলার ১১ টি ইউনিয়নের নিম্নাঞ্চল প্লাবিত হয়ে ৭০০ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে। এখন পর্যন্ত ৯ টি ইউনিয়নের ২,৮০০ জন পানি বন্দি অবস্থায় রয়েছে। বন্যায় এ পর্যন্ত ০১ (এক) জন নিহত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে ১৬৬.০০০ মে: টন জিআর চাল ও ৩,৪০,০০০/- টাকা জিআর ক্যাশ বিতরণ করা হয়েছে = (বন্যায় এ পর্যন্ত ০১ (এক) জন নিহত হয়েছে)।

২৪। কিশোরগঞ্জ : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় হাওড়ে মাছ ধরতে গিয়ে তোফাজ্জল হোসেন (১৬) নামের এক ব্যক্তি বজ্রপাতে নিহত হয়েছে ।

২৫। কুষ্টিয়া : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, কুষ্টিয়া জেলার ৪টি ইউনিয়নে গত ১০/০৮/২০১৬ খ্রি: তারিখ হতে হঠাৎ করে উজান থেকে নেমে আসা বন্যার পানিতে পদ্মা নদীর পানি বৃদ্ধি পাওয়ায় দৌলতপুর উপজেলার চিলমারী, রামকৃষ্ণপুর, ফিলিপনগর ও মরিচা, ভেড়ামারা উপজেলার জুনিয়াদহ, মোকারিমপুর ও বাহাদুরপুর, কুমারখালী উপজেলার চরসাদীপুর ও সদকী এবং খোকসা উপজেলার আমবাড়ীয়া ও ওসমানপুর ইউনিয়নে মোট ৬১টি গ্রাম বন্যা কবলিত হয়েছে। গতকাল হার্ডিজব্রীজ পয়েন্টে পদ্মা নদীর পানি বিপদসীমার ৯ সে: মি: নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। এ পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারকে ৪৭.৯০০ মে: টন জিআর চাল বিতরণ করা হয়েছে। বন্যা দুর্গতদের মাঝে বিতরণের জন্য ২০০.০০০ মে: টন জিআর চাল বরাদ্দের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় বরাদ্দ পত্র প্রেরণ করা হয়েছে।

অদ্য ২৯/০৮/২০১৬ খ্রি: তারিখ প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, এ পর্যন্ত বন্যা ও বিভিন্ন কারনে ৮০ জন, নিহত হয়। ২৫ টি জেলায় ৯৭ টি উপজেলার ৫০০ টি ইউনিয়নের ৮,১৭,২৩৯ টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়। এর মধ্যে ১৮,০৩৭ টি পরিবারের ঘর-বাড়ী সম্পূর্ণ এবং ৬৫,৬৬৫ টি আংশিক নদী গর্ভে বিলীন হয়ে যায়। ক্ষতিগ্রস্থ পরিবারের মধ্যে এ পর্যন্ত সর্বমোট ৮,১৬৫.৯৭০ মে: টন জিআর চাল ৩,২৫,৩১,০০০/- টাকার জিআর ক্যাশ, ৩৬,৪৫,০০০/- টাকার শুকনা খাবার ক্রয় এবং ৪৬,৭৯০ টি প্যাকেট শুকনা খাবার (৯টি আইটেম) বিতরণ করা হয়েছে। এ ছাড়া অন্য কোন জেলা হতে প্রাকৃতিক দুর্যোগের কোন ক্ষয়ক্ষতির তথ্যাদি পাওয়া যায়নি, তবে বন্যা কবলিত ২০ টি জেলার ডি-ফরমে ক্ষয়ক্ষতি পরিমাণের তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

29/08/16

**(কামরুন নাহার)**
ভারপ্রাপ্ত কর্মকর্তা
জরুরী সাড়াদান কেন্দ্র
ফোনঃ ৫৮৮১১৬৫১
৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
মোবাইল-০১৭২৮-৩৬২২২৭
Email: controlroom.ddm@gmail.com

**ভারপ্রাপ্ত কর্মকর্তা**
জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/মীম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। সংরক্ষণ নথি/অফিস কপি।